



পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
 “তিন পার্বত্য জেলার বেকার যুবক-যুবতীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক
 প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ ক্রিম”
 প্রকল্প পরিচালকের কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০৩২.০৭.০০৬.২৪-৬১

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১
 ১৩ জুন ২০২৪

আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাস্তবায়নধীন “তিন পার্বত্য জেলার বেকার যুবক-যুবতীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ ক্রিম” এর আওতায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাঙ্গামাটিতে প্রতি ব্যাচে ৪০ (চল্লিশ) জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৮০ (আশি) জন, খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ে প্রতি ব্যাচে ৩০ (ত্রিশ) জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৬০ (ষাট) জন এবং বান্দরবান ইউনিট কার্যালয়ে প্রতি ব্যাচে ৩০ জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৬০ জনসহ সর্বমোট ২০০ (দুইশত) জন তরুণ-তরুণীকে কম্পিউটার বিষয়ক বেসিক রিফ্রেশার্স, উচ্চতর এবং আউটসোর্সিং বিষয়ে মোট ২০০ (দুইশত) কার্যদিবসে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ লক্ষ্যে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ-

- কোর্সের নাম : বেসিক রিফ্রেশার্স, উচ্চতর ও আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ;
- প্রশিক্ষণ কোর্সের বিবরণ : বেসিক রিফ্রেশার্স (এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট), উচ্চতর প্রশিক্ষণ (এডোবি ফটোশপ ও এডোবি ইলাস্ট্রেটর), ডিজিটাল মার্কেটিং, অডিও-ভিডিও, ওয়েবসাইট ডিজাইন এবং অ্যানিমেশন বিষয়ক প্রশিক্ষণ রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান প্রতিটি জেলায় পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অফিসে সকাল-বিকাল ০২ (দুই) ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- কোর্সের মেয়াদ : - মোট ২০০ (দুইশত) কার্যদিবস।
- শিক্ষাগত যোগ্যতা : যেকোনো বিভাগ/বিষয়ে স্নাতক/সমমান শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারের দক্ষতা অথবা এসএসসি পাশের পর কম্পিউটার বিষয়ে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী অথবা এইচএসসি পাশের পর কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা/প্রশিক্ষণ। ইংরেজিতে যোগাযোগ দক্ষতাসম্পন্ন (Speaking & Writing) প্রার্থীদের প্রশিক্ষণে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রয়োজনীয় কাগজপত্র : ভর্তির ফরমের সাথে ০২ (দুই) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারে দক্ষতার সনদপত্রের ফটোকপি এবং স্থায়ী বাসিন্দার ফটোকপি ও ভোটার আইডি বা জন্মনিবন্ধনের অনুলিপি দাখিল করতে হবে। স্ব স্ব জেলার মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- অন্যান্য তথ্য : (১) সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হবে।
 (২) প্রশিক্ষণকালীন থাকা-খাওয়া, পরিবহন ইত্যাদির যাবতীয় ব্যবস্থা সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে।

ভর্তির আবেদন পত্র সংগ্রহ ও জমা দেয়ার তারিখঃ

- আবেদনপত্র গ্রহণ : বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- আবেদনপত্র জমাদান : ১৩/০৬/২০২৪ খ্রি. হতে ১০/০৭/২০২৪ খ্রি. সরাসরি অফিস চলাকালীন শিক্ষার্থীদের স্থায়ী ঠিকানা মোতাবেক তাঁদের স্ব-স্ব জেলায় অবস্থিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কার্যালয়ে। অর্থাৎ, ডাউনলোডকৃত ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় সংলাগসহ অফিস চলাকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রার্থীদের আবেদন প্রধান কার্যালয়ে, খাগড়াছড়ি পার্বত্য জেলার প্রার্থীদের আবেদন বোর্ডের খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ে এবং বান্দরবান পার্বত্য জেলার প্রার্থীদের আবেদন বোর্ডের বান্দরবান ইউনিট কার্যালয়ে রক্ষিত বাগ্জে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

* কর্তৃপক্ষ যে কোন কারণে উপরি-উক্ত তারিখ ও সময় পরিবর্তন/পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

প্রাসঙ্গিক তথ্য :-

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ বোর্ডের ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে এবং মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।
- আইসিটি বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকমন্ডলী দিয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়, রাঙ্গামাটিতে প্রতি ব্যাচে ৪০ (চল্লিশ) জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৮০ (আশি) জন, খাগড়াছড়ি ইউনিট কার্যালয়ে প্রতি ব্যাচে ৩০ (ত্রিশ) জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৬০ (ষাট) জন এবং বান্দরবান ইউনিট কার্যালয়ে প্রতি ব্যাচে ৩০ জন করে ০২ (দুই) ব্যাচে মোট ৬০ জনসহ সর্বমোট ২০০ (দুইশত) জন তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রতিদিন ৩ ঘণ্টা করে প্রশিক্ষণ দেয়া হবে সকল ০৯:০০ টা হতে বেলা ১২:০০ টা ও দুপুর ০২:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত (শুক্রবার ও শনিবার ব্যতিত)।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে শিক্ষা উপকরণসহ অত্যাধুনিক ও সমৃদ্ধ কম্পিউটার ল্যাবে একটি করে কম্পিউটার সহযোগে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড থেকে সনদ প্রদান করা হবে।
- বিস্তারিত তথ্যের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটিস্থ প্রধান কার্যালয়ে (কক্ষ নং-৩১১) অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বিস্তারিত জানতে যোগাযোগ (মোবাইল : ০১৮২০৩১৯৯১৯)।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি কিংবা এর অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বিয়েজন করার এবং বোর্ডের নিয়মানুযায়ী প্রশিক্ষণার্থী বাছাইয়ের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

মংছেনলাইন রাখাইন
 উপপরিচালক

ও
 প্রকল্প পরিচালক

+৮৮০২৩৩৩৩৭২৪৮২
 dd@chtdb.gov.bd